

# ফায়যানে দুরূদ ও সালাম

# Faizan-E-Durood-o-Salam

প্রকাশনায়

মাক্তাবাহ্-এ-আততারিয়্যাহ্

০১৯১১-৭৫৩৬০৬, ০১৭১১-২০৫৫৭৮

## গুনাহ্ ক্ষমার জন্য

যে ব্যক্তি এই ওযিফা পড়ে তার গুনাহ্ ক্ষমা করে দেওয়া হয় যদিও তা সমুদ্রের ফেনার সমপরিমাণ হয়। (মসনদে ইমাম আহমদ বিন হাম্বল)

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ وَالْحَمْدُ لِلّٰهِ

وَسُبْحٰنَ اللّٰهِ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ○

উচ্চারণ লাইলাহা ইল্লালাহু ওয়াল্লাহু আকবারু ওয়াল্ হাম্‌দু লিল্লাহি ওয়া সুব্‌হানাল্লাহি ওয়ালা হাওলা ওয়্যলা কুয়াতা ইল্লা বিল্লাহি।

## চার কোটি নেকী অর্জন করুন

হযরতে তামীম দারি, রাদ্বীয়াল্লাহ তা'য়ালা আনহু থেকে বর্ণিত প্রিয় নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াছাল্লাম)ইরশাদ ফরমায়েছেন।"যে ব্যক্তি এই কালিমা দশবার পড়বে এমন ব্যক্তির জন্য চার কোটি নেকী লিখা হবে। (সুনানে তিরমিযি)

اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ اِلٰهًا وَاحِدًا اَحَدًا

صَمَدًا لَّمْ يَتَّخِذْ صَاحِبَةً وَّلَا وَلَدًا وَّلَمْ يَكُنْ لَهٗ كُفُوًا اَحَدٌ ○

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

**তরজুমাঃ আল্লাহ্‌র নামে আরম্ভ যিনি পরম দয়ালু করুণাময় (কানযুল ঈমান)**

১) যে কোন গুরুত্বপূর্ণ কাজ বিসমিল্লা-হ্ শরীফ পাঠ ব্যতীত শুরু করলে তা অসম্পূর্ণ থেকে যায়।

২) ঘরে ডান পা দিয়ে প্রবেশ করে বিসমিল্লা-হির রাহ্‌মানির রাহীম পাঠ করে উপস্থিত ব্যক্তিকে সালাম করুন এবং একবার সূরাহ ইখলাস পাঠ করলে ঝগড়া বিবাদ হবে না এবং আয়ের মধ্যে বারকাত হবে।

৩) কাপড় পরিধানের জন্য নেয়ার সময় এবং শরীর থেকে খোলে রাখার সময় বিসমিল্লা-হ্ শরীফ পাঠ করলে জ্বীনেরা ঐ কাপড় ব্যবহার করতে পারবে না।

৪) জ্বরে আক্রান্ত ব্যক্তি বেশি পরিমানে বিসমিল্লা-হিল কবির পাঠকরুন।

৫) মৃত ব্যক্তির কপালে গোসল দেয়ার পর কাফন পরানোর পূর্বে কালি ছাড়া শাহাদাত আঙ্গুল দিয়ে বিসমিল্লা-হি শরীফ এবং বুকে কালিমায়ে ত্বায়্যিবাহ্ লিখে দিন।

৬) ঘরের দেয়ালে বিসমিল্লা-হ্ শরীফ লিখে দিলে তা ক্ষতিগ্রস্থ হবে না। (ফয়যানে বিস্‌মিল্লাহ)

৭) গাড়ি চালানোর সময় উঠা ও বসার সময় বাতি, পাখা চালানোর সময় বিছানা বিছানো ও উঠিয়ে নেয়ার সময় বিস্‌মিল্লাহ্ পাঠ করুন এবং সকল ভাল কাজের পূর্বে বিস্‌মিল্লাহ পড়ুন।

## ফরমানে ইলাহী আ'যযা ওয়াযাল্লা

إِنَّ اللّٰهَ وَمَلٰٓئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ ؕ

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا

তরজুমাঃ নিশ্চয় আল্লাহ্ তা'আলা ও তাঁর ফিরিশ্‌তাগন দরূদ প্রেরণ করেন ওই অদৃশ্য বক্তা (নবী)'র প্রতি, হে ঈমানদারগণ! তোমরাও তাঁর প্রতি দরূদ ও সালাম প্রেরণ করো। (কানযুল ঈমান)

ফযিলাতঃ আল্লাহ্ তা'আলার প্রিয় রাসূল সাল্লাল্লাহু তা'আলা আলাইহি ওয়াসাল্লাম এর নূরুন নূর ফরমান, যে ব্যক্তি আমার উপর এক বার দরূদ শরীফ পাঠ করে, আল্লাহ্ তা'আলা তার এক ক্বীরাত্ব পরিমাণ সাওয়াব লিখে দেন। ক্বীরাত হচ্ছে উহুদ পর্বতের সম পরিমাণ (ক্বাউলুল বাদী)

## মাত্র বিশ সেকেন্ডে বিশ হাজার নেকি অর্জন করুন

# لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ

উচ্চারণ: লা-ইলা-হা ইল্লাল্লাহু মুহাম্মাদুর্ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়া সাল্লাম।

ফযিলতঃ প্রত্যেক নামাজের পর দশ বার কলমা শরীফ পাঠ করিলে বিশ হাজার নেকি পাবেন এবং মৃত্যুর পর পরই বেহেস্তের প্রবেশ করিবেন।

(ফয়যানে সুন্নাত)

**ইসলামী শিক্ষা অর্জনের জন্য মাদানী চ্যানেল নিয়মিত দেখুন। এবং অন্যকে দেখার জন্য উৎসাহিত করুন।**

## জিয়ারতে রাসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম)

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى رُوْحِ مُحَمَّدٍ فِى الْاَرْوَاحِ وَعَلٰى جَسَدِهٖ فِى الْاَجْسَادِ وَعَلٰى قَبْرِهٖ فِى الْقُبُوْرِ

**উচ্চারণ:** আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- রূহি মুহাম্মাদিন ফীল্ আর্ওয়া-হি ওয়া 'আলা-জসদিহি ফীল্ আজ্সা-দি ওয়া 'আলা- ক্বাব্‌রিহী ফীল্ ক্বুবূরি।

**ফযিলতঃ** রাসূল সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম বলেন- যে ব্যাক্তি এই দরূদ শরীফ নিয়মিত পাঠ করে সে ব্যাক্তি স্বপ্নযোগে আমার দর্শন লাভে সক্ষম হবে এবং কেয়ামতের দিন আমাকে সরাসরি দেখবে আর যিনি আমাকে দেখবে আমি তার জন্য শাফায়েত করব। (আল কাউলুল বাদী)

## যে কোন সমস্যার সমাধানের জন্য

قَلَّتْ حِيْلَتِيْ أَنْتَ وَسِيْلَتِيْ أَدْرِكْنِيْ يَا رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ

**উচ্চারণ:** ক্বাল্লাত্ হীলাতী আন্তা ওয়াসীলাতী আদ্রিক্নী ইয়া-রাসূলাল্লাহ ছাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লাম।

**ফযিলতঃ** যে কোন সমস্যার সমাধানের জন্য উঠা-বসার এবং চলা-ফেরায় অজু অথবা অজু ছাড়া পড়ুন, ইনশাল্লাহ বৃথা যাবে না।

প্রতি বৃহস্পতিবার ফয়যানে মাদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়দাবাদ, ঢাকায় ইশার নামাজের পর সুন্নতে ভরা ইজতিমায় সারা রাত অতিবাহিত করার মাদানী আহ্বান রইল।

## হিসাব নিকাশ ও আজাব থেকে মুক্তি

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ كُلَّمَا ذَكَرَهُ الذَّاكِرُوْنَ

وَصَلِّ عَلٰى مُحَمَّدٍ كُلَّمَا غَفَلَ عَنْ ذِكْرِهِ الْغَافِلُوْنَ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- মুহাম্মাদিন কুল্লামা যাকারাহুয্ যাকিরূনা ওয়া ছাল্লি 'আলা- মুহাম্মাদিন কুল্লামা- গাফালা আন যিক্‌রিহিল্ গাফিলূন।

ফযিলতঃ হযরত ইমাম শাফেই রাহ্‌মাতুল্লাহি আলাইহে এই দরূদ শরীফ পড়তেন। ইহার উছিলায় হিসাব কিতাব থেকে মুক্তি পাবেন। ১১১ বার প্রতিদিন পড়িলে ইমানের হিফাজত এবং ইমানের সাথে ইন্তেকাল হবে।

(আমলে রযা, সাআদাতুদ দারাইন, পৃ-২৯)

## হিসাব নিকাশ ও আজাব থেকে মুক্তি

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ كُلَّمَا ذَكَرَهُ الذَّاكِرُوْنَ

وَصَلِّ عَلٰى مُحَمَّدٍ كُلَّمَا غَفَلَ عَنْ ذِكْرِهِ الْغَافِلُوْنَ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- মুহাম্মাদিন কুল্লামা যাকারাহুয্ যাকিরূনা ওয়া ছাল্লি 'আলা- মুহাম্মাদিন কুল্লামা- গাফালা আন যিক্‌রিহিল্ গাফিলূন

ফযিলতঃ হযরত ইমাম শাফেই রাহ্‌মাতুল্লাহি আলাইহে এই দরূদ শরীফ পড়তেন। ইহার উছিলায় হিসাব কিতাব থেকে মুক্তি পাবেন। ১১১ বার প্রতিদিন পড়িলে ইমানের হিফাজত এবং ইমানের সাথে ইন্তেকাল হবে। (আমলে রযা, সাআদাতুদ দারাইন, পৃ-২৯)

## দরূদে গাউছিয়া

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ مَّعْدِنِ الْجُوْدِ وَالْكَرَمِ وَاٰلِهٖ وَبَارِكْ وَسَلِّمْ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- ওয়া মাওলা-না- মহাম্মাদিম্ ম'দিনিল্ জুদি ওয়াল্ কারামি আ-লিহী ওয়া বা-রিক্ ওয়া সাল্লিম্।

ফযিলতঃ এ দরূদ শরীফ একবার পাঠ করিলে ১. জীবিকায় বরকত হবে। ২. সমস্ত কাজ সহজ হবে। ৩. মৃত্যুকালে কালেমা নসীব হবে। ৪. প্রাণবায়ূ সহজে বের হবে। ৫. কবর প্রশস্ত হবে ৬. কারো মুখাপেক্ষী থাকবেনা। ৭. আল্লাহর সৃষ্টি তাকে ভালোবাসবে।

**এক চুপ শত সুখ**

## বৃষ্টির সময় এই দরূদ শরীফ পড়িবেন

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِهٖ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ بِعَدَدِ قَطَرَتِ الْاَمْطَارِ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি ওয়া ছাল্লিম্ 'আলা- সাইয়িদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লিহী সাইয়িদিনা-ওয়া মাওলা-না মুহাম্মাদিন্ বি'আদাদা ক্বাত্বারাতিল্ আম্‌তা-রি

ফযিলত ঃ এই দরূদ শরীফ বৃষ্টি আসার সময় পড়িলে যতগুলো ফুটা মাটিতে পড়ে ততগুলো ছওয়াব পাওয়া যাবে।

## এক হাজার দিনের নেকী

جَزَى اللّٰهُ عَنَّا (سَيِّدَنَا وَمَوْلَنَا) مُحَمَّدًا
(صَلَّى اللّٰهُ تَعَالٰى عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّمَ) مَا هُوَ اَهْلُهٗ

উচ্চারণঃ জাযাল্লাহু আ'ন্না (সায়্যিদিনা ওয়া মাওলানা) মুহাম্মদান্ (সাল্লাল্লাহু তা'আলা আ'লাইহি ওয়া আলিহী ওয়াসাল্লাম) মা হুয়া আহ্লুহ্।

ফযিলতঃ হযরতে সায়্যিদুনা ইবনে আব্বাস (রাদিয়াল্লা তা'আলা আনহু) থেকে বর্ণিত আছে যে, সারকারে মদীনা (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়াসাল্লাম) ইরশাদ ফরমান, এই দুরূদে পাক পাঠকারীর জন্য ৭০ জন ফিরিস্তা এক হাজার দিন পর্যন্ত নেকী লিখতে থাকেন।

# স্মরণ শক্তি বৃদ্ধির জন্য

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِنِ النَّبِيِّ

الْكَامِلِ وَعَلٰى اٰلِهٖ كَمَا لَا نِهَايَةَ لِكَمَالِكَ وَعَدَدَ كَمَالِهٖ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি ওয়া সাল্লিম্ ওয়া বা-রিক্ 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল্ কা-মিলি ওয়া 'আলা আ-লিহী কামা লা- নিহা-য়াতা লিকামা-লিকা ওয়া 'আদাদা কামা-লিহী।

**ফযিলতঃ** যে ব্যক্তি মাগরিব ও এশারের মধ্যে উল্লেখিত দরূদ শরীফ বেশি করে পড়িবেন তাহার স্মরণ শক্তি বৃদ্ধি পাবে। (আফদালুচ্ছালাত)

কালোজিরা মৃত্যু ছাড়া প্রতিটি রোগেরই শিফা। (মিরআত: শরহে মিশকাত)

## ছয় লক্ষ দরূদ শরীফের ছাওয়াব অর্জন করুন

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ عَدَدَ مَا فِىْ عِلْمِ اللّٰهِ صَلٰوةً دَائِمَةً بِدَوَامِ مُلْكِ اللّٰهِ

**উচ্চারণ:** আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিন্ 'আদাদা মা- ফী ইল্‌মিল্লাহি ছালাতান্ দা-য়িমাতাম্ বিদাওয়া-মি মুল্‌কিল্লাহি।

**ফযিলত ঃ** সেখুদদালালাইন সৈয়্যদ আলী বিন ইউসুফ মাদানী রাহ্‌মাতুল্লাহ আলাইহে জালালুদ্দিন স'য়ূতি থেকে বর্ণনা করেন এ দরূদ শরীফ একবার পড়লে ছয় লক্ষ দরূদ শরীফের ছওয়াব মিলবে। যিনি ১০০০ বার পড়িলে দুনিয়া ও আখেরাতে নেক্ বখ্‌ত হবে।

## উভয় জাহানের কল্যাণ হাছিল করার জন্য

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِهٖ عَدَدَ اِنْعَامِ اللّٰهِ وَاَفْضَالِهٖ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ছাল্লি ওয়া ছাল্লিম ওয়া বা-রিক্ 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা--- আ-লিহী 'আদাদা ইন্'আ-মিল্লাহি ওয়া আফ্দা-লিহী।

ফযিলতঃ এই দরূদ শরীফ পড়িলে অগণিত নেয়ামত এবং বরকত অর্জিত হইবে।

জীবনে হবে কী তোমারি দিদার ইয়া রাসূলাল্লাহ
এ আশায় রয়েছি আমি গুনাহগার ইয়া রাসূলাল্লাহ।

## অন্তরকে আলোকিত করার পথ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ نُّوْرِ الْاَنْوَارِ وَسِرِّ الْاَسْرَارِ وَسَيِّدِ الْاَبْرَارِ ط

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি' আলা-সাইয়িদিনা- মুহাম্মাদিন্ নূরিল্ আনওয়া-রি ওয়া ছির্রিল্ আসরা রি ওয়া সাইয়িদিল আবরা-রি।

ফযিলত ঃ এই দরূদ শরীফ নিয়মিত পাঠ করিলে নিজ কলবে নূর পয়দা হবে।

## সারাদিন দরূদ শরীফ পড়ার সাওয়াব অর্জন করুন

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ فِىْ اَوَّلِ كَلَامِنَا

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ فِىْ اَوْسَطِ كَلَامِنَا

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ فِىْ اٰخِرِ كَلَامِنَا

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিন্ ফী আওয়ালি কালা-মিনা-। আল্লা-হুম্মা ছাল্লি 'আলা-সাইয়িদিনা- মুহাম্মাদিন্ ফী আওসাতি কালা-মিনা। আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিন্ ফী আ-খিরি কালা-মিনা-।

ফযিলত : যে ব্যক্তি এই দরূদ শরীফ দিনে ৩ বার এবং রাত্রে ৩ বার পড়িবে সে যেন দিন-রাত দরূদ শরীফ পড়িল।

## ধন সম্পদ বৃদ্ধির জন্য

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ عَبْدِكَ وَرَسُوْلِكَ
وَعَلَى الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ وَالْمُسْلِمِيْنَ وَالْمُسْلِمَاتِ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিন 'আব্দিকা ওয়া রাসূলিকা ওয়া 'আলাল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি ওয়াল্ মুস্লিমীনা ওয়াল্ মুস্লিমা-ত।

ফযিলতঃ যে ব্যক্তি এই দরূদ শরীফ বেশি পড়িবে তার ধন-সম্পদ দিন রাত বৃদ্ধি হইতে থাকিবে। (ছাহেবে রুহুল বয়ান)

গীবতকারী কবরের আযাবে গ্রেফতার হবে

# সমস্ত দুরূদ শরীফ পড়ার সমান

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ بِعَدَدِ كُلِّ ذِكْرِهٖ اَلْفِ اَلْفِ مَرَّةٍ

**উচ্চারণঃ** আল্লাহুম্মা সাল্লি আ'লা মুহাম্মাদিন বি আ'দাদি কুল্লি যিক্‌রিহী আল্‌ফি আল্‌ফি মার্‌রাহ।

**ফযিলতঃ** এই দুরূদ শরীফ পাঠ করা প্রিয় নবী সাল্লাল্লাহু আ'লাইহি ওয়াসাল্লাম'র উপর সমস্ত দুরূদ শরীফ পাঠ করার সমান।

প্রকাশনায় : **মাক্‌তাবাহ্‌-এ-আততারিয়্যাহ্‌,**
**১১,** কে, এম ভবন, (৩য় তলা) আন্দরকিল্লা, চট্টগ্রাম।
মোবাইল ঃ ০১৯১১-৭৫৩৬০৬, ০১৭১১-২০৫৫৭৮

## আ'রশে আ'যীম'র সমান সাওয়াব

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ مِّلْءَ السَّمٰوٰتِ وَمِلْأَ الْأَرْضِ وَمِلْأَ الْعَرْشِ الْعَظِيْمِ.

**উচ্চারণঃ** আল্লা-হুম্মা সাল্লি আ'লা- মুহাম্মাদিম্ মাআস্ সামা-ওয়া-তি ওয়ামিল আল্ আরদ্বি ওয়ামিল্ আল্ আ'র্শিল আ'যীম।

**ফযিলতঃ** এই দুরূদ শরীফ পাঠকারীকে আসমান ও যমীনের সমপরিমান এবং আ'রশে আ'যীমের সমান সাওয়াব অর্জন হবে।

---

আপনার মরহুম পিতা-মাতা বা আত্মীয়-স্বজনের আত্মার গুনাহ্ মাফের জন্য এই বইটি এবং আমাদের অন্যান্য বই মুসলমান ভাই-বোনদেরকে আপনার পক্ষ থেকে ফ্রি উপহার দিন।

## দিদারে মোস্তাফা (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম)

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلٰى سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدِ نِ النَّبِيِّ الْاُمِّيِّ الْحَبِيْبِ الْعَالِي الْقَدْرِ الْعَظِيْمِ الْجَاهِ وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهٖ وَسَلِّمْ

**উচ্চারণ:** আল্লা-হুম্মা ছাল্লি ওয়া সাল্লিম্ ওয়া বা-রিক্ 'আলা- সাইয়িদিনা ওয়া মাওলানা মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল্ উম্মিয়্যিল্ হাবীবিল্ 'আ-লিল্ ক্বাদ্রিল্ আজিমীল জাহি ওয়া 'আলা-আ-লিহী ওয়া ছাহবিহী ওয়া সাল্লিম্ ।

**ফযিলতঃ** যে ব্যক্তি বৃহস্পতিবার দিবাগত রাত্রে নিয়মিত ১ বার পাঠ করিবে মৃত্যুর সময় তিনি প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম এর জিয়ারতে ধন্য হবে এবং কবরে প্রবেশ করতেই তাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম নিজ হাতে কবরে রাখবেন। (জাহেরে রুহুল বয়ান)

## এক লক্ষ দরূদ শরীফের ছাওয়াব অর্জন করুন

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِ نِ النُّوْرِ الذَّاتِيِّ السَّارِىْ فِىْ جَمِيْعِ الْاٰثَارِ وَالْاَسْمَآءِ وَالصِّفَاتِ وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهٖ وَسَلِّمْ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিনিন্ নূরি যাতি য়িস সারী ফী জামীয়িল্ আ-সা-রী ওয়াল্ আসমা--ই ওয়াছ্ ছিফা-তি ওয়া 'আলা--- আ-লিহী ওয়া ছাহবিহী ওয়া সাল্লিম্।

ফযীলত ঃ এ দরূদ শরীফ একবার পড়িলে এক লক্ষ দরূদ শরীফের সাওয়াব হয়। ৫০০ বার পড়িলে যে কোন নেক হাজত পূর্ণ হইবে। ইনশা আল্লাহ।

## মাগফেরাতের জন্য সুসংবাদ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا وَمَوْلَانَا
مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِهٖ وَسَلِّمْ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-আ-লিহী ওয়া সাল্লিম্।

ফযিলত ঃ তাজদারে মদীনা সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম এরশাদ ফরমান যে ব্যক্তি এই দরূদ শরীফ পড়িবে যদি দাঁড়ানো থাকে তবে বসার পূর্বে এবং বসা থাকলে দাঁড়ানোর পূর্বেই তার গুনাহ্ মাফ করে দেওয়া হবে।

# গুনাহের অভ্যাস থেকে বাঁচার উপায়

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ اَفْضَلِ اَنْبِيَآئِكَ وَاَكْرَمِ
اَصْفِيَآئِكَ مَنْ فَاضَتْ مِنْ نُوْرِهٖ جَمِيْعِ الْاَنْوَارِ وَصَاحِبِ
الْمُعْجِزَاتِ وَصَاحِبِ الْمَقَامِ الْمَحْمُوْدِ سَيِّدِ الْاَوَّلِيْنَ وَالْاٰخِرِيْنَ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিন্ আফ্দালি আন্‌বিয়া----য়িকা ওয়া আক্‌রামি আস্‌ফিয়া----য়িকা মান্ ফা-দাত্ মিন্ নূরিহী জামী'য়িল আন্‌ওয়া-রি ওয়া ছা-হিবিল্ মু'জিযা-তি ওয়া ছা-হিবিল্ মাক্বা-মিল্ মাহ্‌মূদি ওয়া সায়্যিদিল্ আওয়্যালীনা ওয়াল্ আ-খিরীন

ফযিলতঃ এই দরূদ শরীফ অধিক পরিমাণে পাঠ করিলে যে কোন অপকর্ম করা হইতে বিরত থেকে ইবাদত বন্দেগীতে স্বাদ পাবেন।

## চৌদ্দ হাজার দরূদ শরীফ পড়ার সাওয়াব অর্জন করুন

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ
وَّعَلٰى اٰلِهٖ عَدَدَ كَمَالِ اللّٰهِ وَكَمَا يَلِيْقُ بِكَمَالِهٖ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ছাল্লি ওয়া সাল্লিম্ ওয়া বা-রিক্ 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিঁও ওয়া 'আলা-আ-লিহী 'আদাদা কামা-লিল্লাহি ওয়া কামা- ইয়ালীকু বিকামা-লিহী।

ফযিলত ঃ এই দরূদ শরীফ শুধু একবার পড়লে ১৪০০০ হাজার দরূদ পড়ার সাওয়াব পাবে। (আফজালুস্ সালাত)

**গীবত করা হারাম এবং জাহান্নামে নিক্ষেপকারী কাজ।**

# ঈমানের সহিত মৃত্যু কামনা

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ مُّنْطَلِقِ عِنَانِ جَوَادِ الْاِيْمَانِ فِىْ مِيْدَانِ الْاِحْسَانِ مُرْسَلًا مُّرْشِدًا اِلٰى رِيَاحِ الْكَرَمِ فِىْ رَوْضِ الْجِنَانِ وَعَلٰى اٰلِ مُحَمَّدٍ وَّسَلِّمْ

**উচ্চারণ:** আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিম্ মুন্‌তালিক্বি 'ইনা-নি জাওয়াদিল্ ঈমা-নি ফী মীদা-নিল্ ইহসা-নি মুর্‌সিলাম্ মুর্‌শিদান্ ইলা- রিয়াহিল্ কারামি ফী রাওদিল্ জনা-নি ওয়া 'আলা--- আ-লি মুহাম্মাদিওঁ ওয়া সাল্লিম্।

**ফযিলতঃ** উক্ত দরূদ শরীফের উছিলায় ঈমানের সহিত মৃত্যু নছিব হইবে।

* গীবতকারী কিয়ামতের দিন কুকুরের আকৃতিতে উঠবে।

* গীবতকারী জাহান্নামের বানরে পরিনত হবে।

## দুনিয়া ও আখিরাতে নিরাপদ থাকার উপায়

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّاٰلِهٖ وَصَحْبِهٖ وَسَلِّمْ بِعَدَدِ مَا فِىْ جَمِيْعِ الْقُرْاٰنِ حَرْفًا حَرْفًا وَّبِعَدَدِ كُلِّ حَرْفٍ اَلْفًا اَلْفًا

উচ্চারণঃ আল্লাহুম্মা সাল্লি আ'লা সায়্যিদিনা মুহাম্মাদিও ওয়া আলিহী ওয়া ছাহবিহি ওয়া সাল্লিম বি-আদাদি মাফি জামিয়িল কুর্আনি হারফান্ হারফও ওয়া বি-আদাদি কুল্লি হারফিন আল্ফান আল্ফান।

ফযিলতঃ যে ব্যক্তি কুরআন শরীফ তিলাওয়াতের পরে এই দুরূদ শরীফ পাঠ করবে তিনি দুনিয়া ও আখিরাতে নিরাপদ ও শান্তিতে থাকবে।

## মিস্ওয়াক করা সুন্নাত

## আশি বছরের গুনাহ মাফ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِ
النَّبِيِّ الْاُمِّيِّ وَعَلٰى اٰلِهٖ وَسَلِّمْ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল্ উম্মিয়্যি ওয়া 'আলা- আ-লিহী ওয়া সাল্লিম্।

ফযিলত ঃ সেহেল আব্দুল্লাহ থেকে বর্ণিত প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ ফরমান যে ব্যক্তি জুমার দিন আছরের নামাযের পরে ৮০ বার এই দরূদ শরীফ পড়িবে আল্লাহ তাআ'লা তার ৮০ বছরের গুনাহ মাফ করে দেবে। (আল্ ক্বাওলুল বাদি)

## দরুদে রজাভিয়া

صَلَّى اللّٰهُ عَلَى النَّبِيِّ الْأُمِّيِّ وَاٰلِهٖ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمْ

صَلٰوةً وَّسَلَامًا عَلَيْكَ يَا رَسُوْلَ اللّٰهِ

উচ্চারণ: ছাল্লাল্লা-হু 'আলান্নায়্যিল্ উম্মুয়্যি আ-লিহী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

সালা তাওঁ ওয়া সালা-মান 'আলায়কা ইয়া- রাসূলাল্লাহ।

ফযিলতঃ ১.এ দরূদ শরীফ প্রত্যেক নামাজ এবং জুম্মা নামাজের পর খাস করে মদীনা মনোয়ারার দিকে মুখ করে ১০০ শত বার পাঠ করিলে অগণিত ফযিলত অর্জন হবে। ২. তার ইন্তেকাল ঈমানের সাথে হবে। ৩. কিয়ামতের দিন আরশের ছায়ায় তাঁর অবস্থান হবে। ৪. আল্লাহ তায়ালা তাকে বন্ধু হিসেবে গ্রহণ করবেন।

## এগার হাজার বার দরূদ শরীফ পড়ার সাওয়াব

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِهٖ صَلٰوةً اَنْتَ لَهَا اَهْلٌ وَّهُوَ لَهَا اَهْلٌ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লিহী ছালাতান্ আন্‌তা লাহা- আহ্‌লুওঁ ওয়া হুওয়া লাহা- আহ্‌লুন্।

ফযিলত ঃ হাফিজ সৈয়ূতী রাহমাতুল্লাহি তা'আলা আলাইহি থেকে বর্ণিত এই দরূদ শরীফ ১বার পড়লে এগার হাজার বার পড়ার ছওয়াব পাবে।

**কালোজিরা মেয়েদের মাসিক ঋতুস্রাবের বাধা দূর করে।**

# দরূদে শাফায়াত

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّاَنْزِلْهُ الْمَقْعَدَ الْمُقَرَّبَ عِنْدَكَ يَوْمَ الْقِيَامَةِ

**উচ্চারণ:** আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- মুহাম্মাদিওঁ ওয়া আন্‌যিল্‌হুল্‌ মাক্ব'আদাল্‌ মুক্বার্‌রাবা 'ইন্‌দাকা ইয়াওমাল্‌ ক্বিয়া-মাতি।

**ফযিলত ঃ** হায়াতু ন্নবী সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামা ইরশাদ ফরমান যে ব্যক্তি এ দরূদ শরীফ পড়িবে তার জন্য আমার সুপারিশ ওয়াজিব হইয়া যাইবে।

(আত্‌তারগীব ওয়াততারহীব)

## হায়াতু নবী সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের নৈকট্য লাভের উপায়

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ كَمَا تُحِبُّ وَتَرْضٰى لَهٗ

উচ্চারণ : আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- মুহাম্মাদিন্ কামা- তুহিব্বু ওয়া তারদা- লাহূ।

ফযিলত : একদিন এক ব্যক্তি হুজুর পাক সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম এর নিকট আসলে তিনি তাকে সিদ্দিক রাদিআল্লাহু তা'আলা আনহু এবং নিজের মধ্যে খানে বসালেন তিনি বলনে যে সে এই দরূদ নিয়মিত পড়ে। (সাআদাতুদ দারেইন)

**কালোজিরা তেলের সাথে সিদ্ধ করে তা মাথায় দিলে মাথা ব্যাথা দূর হবে।**

## মুখের দুর্গন্ধ দূর করার সুন্দর উপায়

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى النَّبِيِّ الطَّاهِرِ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি ওয়া ছাল্লিম্ 'আলান্ নাবিয়্যিত্ব ত্বাহিরি।

ফযিলত : এক নিশ্বাসে এগার বার এই দরূদ শরীফ পড়িলে মুখের দুর্গন্ধ দূর হয়ে যাবে। (আফদালুছ ছালাত)

### রহমতের সত্তরটি দরজা

صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّدٍ

**উচ্চারণ:** সাল্লাল্লাহু আলা- মুহাম্মদ।

**ফযিলত** : যে ব্যক্তি এই দুরূদ শরীফটি পড়ে তার জন্য রহমতের ৭০টি দরজা খুলে দেয়া হয়। (আল কাওলুল বদী, পৃ-২৭৭)

## যে কোন ফিতনা থেকে মুক্তি পাওয়ার জন্য

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُ...

قَدْ ضَاقَتْ حِيْلَتِيْ اَدْرِكْنِيْ يَا رَ... اللّٰهِ

উচ্চারণ: ...ল্লা-হুম্মা ছাল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়িদিনা- মুহাম্মাদিন্ ক্বাদ্ দা-ক্বাত্ হীলাতী আদ্‌রিক্‌নী ইয়া- রাসূলাল্লাহ।

ফযিলত : সৈয়্যদ ইবনে আবেদিন বলেন আমি একটি বড় ফিত্‌নাই আজিমে পড়লাম। যেটি ...নেক শহরে সংগঠিত হয়েছে তখনও আমি উক্ত দরূদ শরীফটি ২০০শত বার পড়িনি এক ব্যক্তি এসে সংবাদ দিল যে ফিত্‌না শেষ হয়ে গেছে। (ফাজায়েল দরূদ)

## জটিল, কঠিন ও মারাত্মক রোগ থেকে মুক্তির জন্য

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ طِبِّ الْقُلُوْبِ وَدَوَآئِهَا
وَعَافِيَةِ الْاَبْدَانِ وَشِفَآئِهَا وَنُوْرِ الْاَبْصَارِ وَضِيَآئِهَا وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهٖ وَسَلِّمْ

উচ্চারণ: আল্লা-হুম্মা ছাল্লি 'আলা- সাইয়িদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিন্ ত্বীব্বিল্ কুলূবি ওয়া দাওয়া----য়িহা- ওয়া 'আ ফিয়াতিল্ আব্দা-নি ওয়া শিফা----য়িহা ওয়া নূরিল্ আব্ছারি ওয়া দিয়া----য়িহা- ওয়া 'আলা--- আ-লিহী ওয়া ছাহ্বিহী ওয়া সাল্লিম্।

ফযিলত ঃ এই দরূদ শরীফ যে কোন জটিল, কঠিন ও মারাত্মক রোগে মুক্তির জন্য পাঠ করবেন।

আশ্‌হাদু লাইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা- শারিকালাহু ইলাহাঁউ ওয়াহিদান্ আহাদান্ ইয়াত্তাখি ... হিবাতাউ ওয়ালা ওয়ালাদাউ ওয়ালাম্ ইয়াকুন্‌লাহু কুফুওয়ান আহাদ।

## শয়তান থেকে বাঁচার আমল

হযরত আবু হুরাইরা রাদীয়াল্লাহ তা'য়ালা আনহু থেকে বর্ণিত নবী করিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াছাল্লাম) এর মুবারক ফরমান হচ্ছে। "যে ব্যক্তি এই কালিমা ১০০ (একশত) বার পড়বে তাহলে তার এই আমল ১০ (দশ) গোলাম আযাদ (মুক্ত) করার বরাবর হবে। এবং তার আমল নামায় ১০০ (একশত) নেকী লিখা দেওয়া হবে। ও তার একশত গুনাহ ক্ষমা করে দেওয়া হবে। এই কালিমা ঐ দিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত শয়তান থেকে হেফাজত করবে। আর কোন ব্যক্তি এর থেকে উত্তম আমল নিয়ে আসতে পারবে না কিন্তু সে যে এর থেকে বেশী আমল করেছে। (বুখারী শরীফ)।

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

লাইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শরীকালাহু লাহুল্ মুলকু ওয়ালাহুল হামদ ওয়াহুয়া আলা কুল্লি শাইয়্যিন ক্বাদির।